



ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়

বাগমারা, রাজশাহী

স্থাপিত : ২০০০ ইং।

www.bhawanigonjpaourashava.org



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারকনং : ৪৬.৪৩.৮১১২.০২৫.০৩.০০১.২১-৫০৯

তারিখ: ১৯/১১/২০২৩ খ্রিঃ

বিষয় : রাজশাহী জেলাধীন ভবানীগঞ্জ পৌরসভায় নিয়োগকৃত কর্মচারীর যোগদান সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: (১) পৌর-১ শাখার ০৫-১২-২০২২ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৩.২২-১৬৩০ নম্বর স্মারক।

(২) পৌর-১ শাখার ০৩-০৭-২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ৪৬.০০.০০০০.০৬৩.১১.০১৩.২২-১০১২ নম্বর স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলাধীন ভবানীগঞ্জ পৌরসভায় শূন্য পদে ১০ (দশ) জন কর্মচারী নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র পাওয়া যায়। উক্ত ছাড়পত্রের আলোকে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে পদগুলোর বিপরীতে প্রার্থীদের আবেদনপত্রগুলো যাচাই অস্তে, স্যানিটারী ইন্সপেক্টর পদের প্রাপ্ত আবেদনের কোনটিতেই বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন কোন বৈধ প্রার্থী না পাওয়ায়, স্যানিটারী ইন্সপেক্টর পদে কর্মচারী নিয়োগ করা সম্ভব হয়নি। স্যানিটারী ইন্সপেক্টর পদ বাদে অন্য ০৭ (সাত) ধরনের শূন্য পদে ০৯ (নয়) জন কর্মচারী নিয়োগের লক্ষ্যে গত ০৪/১১/২০২৩ খ্রি: তারিখের লিখিত এবং ০৫/১১/২০২৩ খ্রি: তারিখের নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক এবং ট্রাক চালক পদের ব্যবহারিক ও সকল পদে মৌখিক পরীক্ষার ফলাফলের ভিত্তিতে অত্র ভবানীগঞ্জ পৌরসভা কার্যালয়, বাগমারা, রাজশাহীতে জাতীয় বেতন স্কেল, ২০১৫ মোতাবেক পৌরসভার নিয়োগ ও বাছাই কমিটির সুপারিশের আলোকে সংযুক্ত তালিকার প্রার্থীদের চূড়ান্ত নিয়োগ প্রদান করা হয়েছে এবং নিয়োগকৃত কর্মচারীগণ পৌরসভায় স্ব স্ব পদে যোগদান করেছেন। তাদের যোগদানের তথ্য মহোদয়ের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

ক্র: নং	প্রার্থীর নাম	পদের নাম	যোগদানের তারিখ	শাখার নাম
১	২	৩	৪	৫
০১	মোঃ নাসির উদ্দিন	নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক	১৫-১১-২০২৩ খ্রিঃ	পূর্ত শাখা
০২	মোঃ মোশারফ হোসেন	ট্রাক চালক	১৪-১১-২০২৩ খ্রিঃ	
০৩	মোছাঃ সোনিয়া আক্তার	নিম্নমান সহকারী কাম-মুদ্রাক্ষরিক	১৩-১১-২০২৩ খ্রিঃ	সাধারণ শাখা
০৪	মোছাঃ রুনা লায়লা	অফিস সহায়ক	১৪-১১-২০২৩ খ্রিঃ	
০৫	মোঃ হাসান তারিক	সহকারী লাইসেন্স পরিদর্শক	১৪-১১-২০২৩ খ্রিঃ	কর আদায়/লাইসেন্স শাখা
০৬	মোঃ আসিফ জাহান	সহকারী কর আদায়কারী	১৬-১১-২০২৩ খ্রিঃ	
০৭	মোঃ শিমুল রানা	কনজারভেন্সী ইন্সপেক্টর	১৪-১১-২০২৩ খ্রিঃ	পরিচ্ছন্নতা শাখা
০৮	মোঃ আক্তারুজ্জামান	স্বাস্থ্য সহকারী	১৪-১১-২০২৩ খ্রিঃ	স্বাস্থ্য পরিবার পরিকল্পনা শাখা
০৯	মাসুদ রানা	অফিস সহায়ক	১৪-১১-২০২৩ খ্রিঃ	

সংযুক্ত : কর্মচারীদের চূড়ান্ত তালিকার অফিস আদেশ-০১কপি।

প্রাপক : সচিব

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ আঃ মালেক)

মেয়র


ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী

দৃষ্টি আকর্ষণ : উপ-সচিব, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারকনং : ৪৬.৪৩.৮১১২.০২৫.০৩.০০১.২১-৫০৯(৩৫)

তারিখ: ১৯/১১/২০২৩ খ্রি :

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী।
- ০২। জেলা প্রশাসক, রাজশাহী।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বাগমারা, রাজশাহী।
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, বাগমারা, রাজশাহী।
- ০৫। মেয়র/ প্রশাসক, সকল পৌরসভা, রাজশাহী।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।
- ০৭। সহকারী কমিশনার (ভূমি), বোয়ালিয়া, রাজশাহী।
- ০৮। কাউন্সিলর (সকল), ভবানীগঞ্জ, পৌরসভা, রাজশাহী।
- ০৯। সহকারী প্রকৌশলী ও পৌর নির্বাহী কর্মকর্তা (অ:দা:), পত্রটি ভবানীগঞ্জ পৌরসভার ওয়েব পোর্টাল www.bhawanigonjpaourashava.org আপলোডের অনুরোধ সহ।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, ভবানীগঞ্জ, পৌরসভা, রাজশাহী।
- ১১। অফিসকপি।



(মোঃ আঃ মালেক)

মেয়র

ভবানীগঞ্জ পৌরসভা, রাজশাহী।